

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেডের
পরিচালনা পর্ষদের শুভেচ্ছাসহ

With the Compliments
of the
Board of Directors
Jalalabad Gas Transmission and Distribution System Ltd.



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
JALALABAD GAS TRANSMISSION AND DISTRIBUTION SYSTEM LTD.
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

Contents

	Page
Message	3-8
List of Present Shareholders	9
Board of Directors	10-11
Notice of the 29th Annual General Meeting	12
Report of the Board of Directors	13-41
Auditor's Report	42
Statement of Financial Position	43
Statement of Profit & Loss and other Comprehensive Income	44
Statement of Changes in Equity	45
Cash Flow Statement	46
Notes to the Financial Statements	47-63
Details of property, plant and equipment	64
Key Performance Indicator	65
Graphs & Charts	66-71
Jalalabad Gas franchise area	72



ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম
মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি
ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা

বাণী

বৃহত্তর সিলেট অঞ্চলে ঊনত্রিশ বছর যাবত প্রাকৃতিক গ্যাস বিতরণ কার্যক্রমে নিয়োজিত জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) এর সাধারণ সভা উপলক্ষে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

দেশের প্রাকৃতিক গ্যাস সরবরাহ কার্যক্রমে সিলেট বিভাগে উল্লেখযোগ্য সংখ্যক শিল্প, চা-বাগান, বিদ্যুৎ কেন্দ্র, সার ও সিমেন্ট কারখানাসহ আবাসিক ও অন্যান্য বাণিজ্যিক গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদানে কোম্পানী সফলতার সাথে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তবে, প্রাকৃতিক গ্যাসের মতো সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহারের বিষয়ে আমাদের আরো উদ্যোগী ও সচেতন হতে হবে। এ জন্য প্রাকৃতিক গ্যাস শিল্পে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, cogeneration/ trigeneration উৎসাহিত করা কোম্পানীর মানব সম্পদের অধিকতর উন্নয়ন ও গ্রাহক সচেতনতা বৃদ্ধি কার্যক্রমে অগ্রাধিকার প্রদান করলে তা গ্যাস সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে কোম্পানীর জন্য বিশেষ সাফল্য বয়ে আনবে বলে আমার বিশ্বাস।

আমি জেজিটিডিএসএল-এর ২৯তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করি।

(ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম)



নসরুল হামিদ, এমপি
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর ২৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে কোম্পানির সার্বিক কর্মকাণ্ডের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার উদ্যোগকে আমি স্বাগত জানাই।

জ্বালানী হিসেবে প্রাকৃতিক গ্যাসের যেমন গুরুত্ব তেমন এর নিরাপত্তার বিষয়টিও গুরুত্বপূর্ণ। দেশের জ্বালানী সংকট নিরসনে এ নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নিরন্তর কর্মপ্রচেষ্টা অব্যাহত রেখেছে সরকার। প্রাকৃতিক গ্যাস অফুরন্ত নয় বিধায় এর সদ্যবহার নিশ্চিতকরণ এবং অপচয় রোধের ব্যাপারে গণসচেতনতা সৃষ্টি অত্যন্ত জরুরি। এ ক্ষেত্রে জেজিটিডিএসএল-কে আরো কার্যকর ভূমিকা রাখতে হবে। আমি আশা করি, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর কর্মকর্তা-কর্মচারীগণ নিষ্ঠার সাথে তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালন করে কোম্পানির সার্বিক উন্নয়নের পাশাপাশি জনকল্যাণার্থে অবদান রাখবে।

আমি, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর ২৯তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


(নসরুল হামিদ)



মোঃ আবুবকর সিদ্দিক
সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


বাণী


জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর ২৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০১৪-২০১৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। আমার বিশ্বাস এ প্রতিবেদন কোম্পানি কর্তৃক সম্পাদিত বিভিন্ন আর্থিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের তথ্য ও আভাস জনসম্মুখে উন্মোচন করবে।

বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে প্রাকৃতিক গ্যাস অন্যতম ও গুরুত্বপূর্ণ নিয়ামক। দেশের শিল্প, বাণিজ্যিক ও আবাসিক ক্ষেত্রে ব্যবহৃত জ্বালানীর অন্যতম প্রধান উৎস প্রাকৃতিক গ্যাস। তুলনামূলক সাশ্রয়ী হওয়ায় এ গ্যাস ব্যবহারের ক্ষেত্র প্রসারিত হচ্ছে এবং চাহিদা প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে। প্রাকৃতিক গ্যাসের ক্রমবর্ধমান এ চাহিদা পূরণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। ফলশ্রুতিতে দেশে প্রাকৃতিক গ্যাসের উৎপাদন পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে- যা চাহিদার বিপরীতে যোগানের ঘাটতি হ্রাসে কার্যকর ভূমিকা পালন করছে।

আমি বিশ্বাস করি, বৃহত্তর সিলেট অঞ্চলে গ্যাস বিতরণের দায়িত্বে নিয়োজিত জালালাবাদ গ্যাস কোম্পানি দক্ষ ব্যবস্থাপনা এবং কর্মকর্তা-কর্মচারীগণের নিরলস আন্তরিক প্রয়াসের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের অনুঘটক হিসেবে নিজের অবস্থানকে সুসংহত করবে এবং এ সেক্টরে চলমান প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে দায়িত্বশীল ভূমিকা পালন করবে।

আমি জেজিটিডিএসএল-এর ২৯তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি এবং এ আয়াসসাধ্য কর্মকাণ্ডের সাথে নিয়োজিত সকলের প্রতি রইলো আমার অশেষ শুভেচ্ছা ও কৃতজ্ঞতা।


(মোঃ আবুবকর সিদ্দিক)



চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
Chairman
Bangladesh Oil, Gas & Mineral Corporation
(Petrobangla)

বাণী

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর অন্যতম গ্যাস বিতরণ কোম্পানি জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এ ২৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০১৪-২০১৫ অর্থবছরের আয়-ব্যয়, কার্যক্রম, বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অর্জিত অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনার ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ একটি প্রশংসনীয় উদ্যোগ। প্রতিবেদনে উপস্থাপিত তথ্য -উপাত্ত কোম্পানির কার্যক্রম মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

একটি সেবামুখী জাতীয় প্রতিষ্ঠান হিসেবে জেজিটিডিএসএল বৃহত্তর সিলেট অঞ্চলে সুষ্ঠু ও পরিকল্পিত উপায়ে পরচ্ছন্ন ও পরিবেশ বান্ধব প্রাকৃতিক গ্যাস সরবরাহ এবং মানসম্মত গ্রাহকসেবা নিশ্চিতকরণের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০১৪-২০১৫ অর্থবছরে ১৬৫৪৬টি নতুন সংযোগ প্রদান এবং ১৫৩.৬৮ কিলোমিটার গ্যাস বিতরণ লাইন সম্প্রসারণ করা হয়েছে। সরকারি খাতে নির্মিত দেশের সর্বাধুনিক ও সর্ববৃহৎ প্রাকৃতিক গ্যাস ভিত্তিক শাহজালাল সার-কারখানায় গ্যাস সংযোগের অবকাঠামো নির্মাণপূর্বক গ্যাস সরবরাহ শুরু করা হয়েছে।

আমি আশা করি, কোম্পানির কর্মচারীগণ নিরলসভাবে কার্যসম্পাদনের মাধ্যমে সংস্থার কর্মসূচীসমূহ নির্ধারিত সময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন করবেন। একই সাথে গ্রাহক সেবার মান উন্নয়নের মাধ্যমে গ্রাহকদের সন্তুষ্টি অর্জনে আরও সচেষ্ট হবেন।

আমি কোম্পানির পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে আন্তরিক অভিনন্দন জানাই এবং বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।


(ইসতিয়াক আহমদ)



চেয়ারম্যান
জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন/অপারেশন)
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর ২৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে কোম্পানীর পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে ২০১৪-২০১৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। এ প্রতিবেদনে আলোচ্য অর্থ বছরে সম্পাদিত কোম্পানীর বিভিন্ন উন্নয়নমূলক, অপারেশনাল ও আর্থিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণসহ নিরীক্ষিত হিসাব সন্নিবেশিত হয়েছে।

বাংলাদেশের ন্যয় উন্নয়নশীল দেশে সহজলভ্য জ্বালানী হিসেবে প্রাকৃতিক গ্যাসের বিকল্প না থাকায় প্রাকৃতিক গ্যাস অতি মূল্যবান সম্পদ হিসেবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে অন্যতম নিয়ামক শক্তি হিসেবে কাজ করছে। সরকার ঘোষিত কর্মসূচী বাস্তবায়নের পাশাপাশি একটি বাণিজ্যিক ও সেবামুখী জাতীয় প্রতিষ্ঠান হিসেবে এ কোম্পানী গ্যাসের সুষ্ঠু বিতরণ, বিপণন এবং উন্নততর গ্রাহকসেবা নিশ্চিতকরণের পাশাপাশি গ্যাসের অপচয় রোধ, রাজস্ব আয় উত্তরোত্তর বৃদ্ধি এবং সিস্টেম লস নিয়ন্ত্রণে রেখে প্রতি বছর রাষ্ট্রীয় কোষাগারে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ জমা প্রদান করে জাতীয় অর্থনীতির ভিতকে সুদৃঢ় করতে সহায়ক ভূমিকা পালন করছে। শুরু থেকেই প্রতি বছর মুনাফা অর্জনের ধারাবাহিকতা বজায় রেখে আলোচ্য অর্থ বছরেও এ কোম্পানী ১৫১.২০ কোটি টাকা কর পূর্ব নীট মুনাফা অর্জন করেছে এবং ৭১.০১ কোটি টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে। এ রকম একটি প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত থাকতে পেরে আমি গর্বিত।

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের তত্ত্বাবধান, পরিচালকমণ্ডলী ও পেট্রোবাংলার দিক-নির্দেশনা, কোম্পানীর দক্ষ ব্যবস্থাপনা এবং কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা ও দায়িত্বশীল ভূমিকার ফলে কোম্পানীর এ সাফল্য অর্জন সম্ভব হয়েছে বলে আমি মনে করি। আমার দৃঢ় বিশ্বাস অতীতের ন্যয় ভবিষ্যতেও কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ দেশ ও জাতির সেবায় নিবেদিত থাকবেন এবং কোম্পানীর সাফল্যের ধারা আগামী দিনগুলোতেও অব্যাহত রাখবেন।

আমি কোম্পানীর উত্তরোত্তর সমৃদ্ধি এবং কর্মকর্তা-কর্মচারীদের সুন্দর ভবিষ্যৎ কামনা করি।


(মোহাম্মদ আহসানুল জব্বার)



ব্যবস্থাপনা পরিচালক

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

ব্যবস্থাপনা পরিচালক-এর বক্তব্য

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর ২৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০১৪-২০১৫ অর্থ বছরের কোম্পানীর উন্নয়নমূলক, প্রশাসনিক ও আর্থিক কর্মকান্ড এবং আয়-ব্যয় ও সমস্যা-সম্ভাবনার নির্দেশনা সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি মহান আল্লাহ তা'আলার নিকট শুকরিয়া আদায় করছি। আমি আশা করি এ প্রতিবেদনে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদানের পাশাপাশি সিলেট বিভাগের আর্থ-সামাজিক উন্নয়নে জালালাবাদ গ্যাসের ভূমিকার প্রতিফলন ঘটেছে।

বাংলাদেশের ভবিষ্যৎ সমৃদ্ধির জন্য প্রাকৃতিক গ্যাসকে অন্যতম সহায়ক শক্তি হিসেবে বিবেচনা করা হচ্ছে। দেশের ক্রমবর্ধমান হারে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান, আবিষ্কার ও উৎপাদনের পর সম্ভাবনার যে দ্বার উন্মোচিত হয়েছে তাকে কাজে লাগিয়ে প্রাকৃতিক গ্যাস সম্পদে সমৃদ্ধ সিলেট বিভাগে গ্রাহকের দোর গোড়ায় গ্যাস সরবরাহের দায়িত্বে নিয়োজিত থেকে গ্যাস সম্পদের সুষ্ঠু, পরিকল্পিত ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে এ কোম্পানী জাতীয় উন্নয়নে প্রশংসনীয় ভূমিকা পালন করে চলেছে।

প্রাকৃতিক গ্যাস অফুরন্ত নয় বিধায় এর সুষ্ঠু ও যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে কোম্পানী নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। অননুমোদিত এবং অবৈধ গ্যাস ব্যবহার ও অবৈধ সংযোগ গ্রহণের প্রবণতা রোধে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিভিন্ন ভিজিল্যান্স টীমের মাধ্যমে গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনাসহ গ্যাসের অপচয় রোধ ও সিস্টেম লস নিয়ন্ত্রণে কোম্পানীর নানাবিধ পদক্ষেপ অত্যন্ত কার্যকর ও ফলপ্রসূ ভূমিকা রেখেছে।

দেশের সার্বিক উন্নয়ন ও জাতীয় আশা-আকাংখা বাস্তবায়নে জালালাবাদ গ্যাসের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণের অক্লান্ত পরিশ্রম ও কর্মদক্ষতার ফলে কোম্পানীর উন্নয়ন কার্যক্রমের আওতায় ২০১৪-২০১৫ অর্থ বছরে পাইপলাইন নির্মাণের ক্ষেত্রে কোম্পানীর লক্ষ্যমাত্রা ৯০ কিলোমিটারের বিপরীতে ১৫৩.৬৮ কিলোমিটার পাইপলাইন নির্মাণ করা হয়েছে, যা লক্ষ্য মাত্রার চেয়ে ৭০.৭৬% বেশী। ২০১৪-২০১৫ অর্থ বছরে গ্যাস বিক্রির নির্ধারিত লক্ষ্যমাত্রা ২১৭১.৫৬০ মিলিয়ন ঘনমিটারের বিপরীতে ২১৯৮.৬৮৮ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রি হয়েছে যা লক্ষ্য মাত্রার চেয়ে ২৭.১২৮ মিলিয়ন ঘনমিটার বেশী। আলোচ্য অর্থ বছরে গ্যাস বিক্রি বাবদ মোট রাজস্ব আয় হয় ১০০৬.৩৬ কোটি টাকা যা বিগত বছরের তুলনায় ৬০.৫৪ কোটি টাকা বা ৬.৪০% বেশী। এছাড়া, ১২১০০টি গ্যাস সংযোগ লক্ষ্যমাত্রার বিপরীতে আলোচ্য অর্থ বছরে ১টি বিদ্যুৎ, ৪টি সিএনজি, ৭টি শিল্প, ১১টি ক্যাপটিভ পাওয়ার, ১১৫টি বাণিজ্যিক ও ১৬৪০৮টি আবাসিকসহ মোট ১৬৫৪৬টি গ্যাস সংযোগ দেয়া হয়েছে যা লক্ষ্যমাত্রার চেয়ে ৩৬.৭৫% বেশী।

কোম্পানীর সার্বিক উন্নয়ন ও ধারাবাহিক সাফল্যের পেছনে রয়েছে নীতি-নির্ধারক সংস্থাসমূহের সার্বিক সহযোগিতা ও দিক-নির্দেশনা। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, ইআরডি, দাতা সংস্থা, বিভিন্ন দপ্তর ও পরিদপ্তর, পেট্রোবাংলা এবং কোম্পানীর পরিচালকমণ্ডলীর সহযোগিতা, পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। পাশাপাশি কোম্পানীর ধারাবাহিক সাফল্য ও অগ্রগতিতে মূল চালিকাশক্তি হিসেবে অবদান রাখায় সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে জানাই আন্তরিক ধন্যবাদ।

আমি কোম্পানীর উন্নতি ও সমৃদ্ধি, বার্ষিক সাধারণ সভার সাফল্য ও কর্মকর্তা-কর্মচারীদের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করি।

প্রকৌশলী মোঃ রেজাউল ইসলাম খান

List of Present Shareholders

Istiaque Ahmad

Chairman, Petrobangla, Dhaka

Mahbubun Nahar

Director (Finance), Petrobangla, Dhaka

Md. Ruhul Amin

Director (Administration), Petrobangla, Dhaka

Engr. Md. Quamruzzaman

Director (PSC), Petrobangla, Dhaka

Jameel Ahmed Aleem

Director (Operation & Mines), Petrobangla, Dhaka

Md. Mostafizur Rahman

Director (Planning), Petrobangla, Dhaka

Syed Ashfaquzzaman

Secretary, Petrobangla, Dhaka

Petrobangla Representative

Chairman, Petrobangla, Dhaka

BOARD OF DIRECTORS

CHAIRMAN



Muhammed Ahsanul Jabbar
Additional Secretary (Administration/Operation)
Energy & Mineral Resources Division
Ministry of Power, Energy & Mineral Resources

DIRECTORS



Minhajuddin Ahmed
Member (Generation)
Bangladesh Power Development Board
Dhaka



A. H. M. Monirul Islam Khan
Director (Planning & Implementation)
BCIC, Dhaka



Engr. A. B. M. Nazmul Hasan
Ex-Director (Planning)
Petrobangla, Dhaka



Zanendra Nath Sarker
Deputy Secretary (Development-2)
Energy & Mineral Resources Division

BOARD OF DIRECTORS

DIRECTORS



Akramuzzaman
Deputy Secretary (Operation-2)
Energy & Mineral Resources Division



Barrister Abul Kalam Azad
Director
Jalalabad Gas T & D System Ltd.
Dhaka



Engr. Md. Rezaul Islam Khan
Managing Director
Jalalabad Gas T & D System Ltd.
Sylhet



Md. Saiful Islam
Director
Jalalabad Gas T & D System Ltd.
Dhaka



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ JALALABAD GAS TRANSMISSION AND DISTRIBUTION SYSTEM LTD. (পেট্রোবাংলার একটি কোম্পানী)

সূত্র নং- ২৮.১৬.৯১০০.০৮৭.০২.০০১.১৫/৬৮

তারিখঃ ২৮-০৭-১৪২২ বাং
১১-১১-২০১৫ ইং

২৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এ মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর ২৯তম বার্ষিক সাধারণ সভা আগামী ১৩ অগ্রহায়ণ, ১৪২২ বাংলা মোতাবেক ২৭ নভেম্বর ২০১৫ তারিখ রোজ শুক্রবার বিকাল ৫.৩০ মিনিটে গ্র্যান্ড বলরুম, ভুলুয়া (১৫তম তলা), লা মেরিডিয়ান হোটেল, ৭৯/এ বাণিজ্যিক এলাকা, নিকুঞ্জ-২, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকায় অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি :

- ০১। ২৮তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা।
- ০২। ২০১৪-২০১৫ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন।
- ০৩। ২০১৪-২০১৫ অর্থ বছরের কোম্পানীর নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র এবং নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন।
- ০৪। কোম্পানীর ২০১৪-২০১৫ অর্থ বছরের লভ্যাংশ অনুমোদন।
- ০৫। কোম্পানী আইন অনুযায়ী পরিচালনা পর্ষদের এক তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং পুনর্নিয়োগ বিবেচনা ও অনুমোদন।
- ০৬। ২০১৫-২০১৬ অর্থ বছরের কোম্পানীর হিসাব নিরীক্ষার জন্য বহিঃনিরীক্ষক নিয়োগ এবং পারিশ্রমিক নির্ধারণ।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি বিবেচনা ও অনুমোদন (যদি থাকে)।

সম্মানিত শেয়ারহোল্ডারগণ ও পরিচালকবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ব্যক্তিগতভাবে কোন শেয়ারহোল্ডার উক্ত সভায় উপস্থিত হতে অপারগ হলে সংযুক্ত প্রক্সি ফরমে তাঁর পক্ষ হতে প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধ করা যাচ্ছে।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

(খান বদিউজ্জামান)
কোম্পানী সচিব (ইনচার্জ)

বিতরণ :

শেয়ারহোল্ডারবৃন্দ

- ০১। জনাব ইসতিয়াক আহমদ, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
- ০২। বেগম মাহবুবুন নাহার, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৩। জনাব মোঃ রুহুল আমীন, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৪। প্রকৌশলী মোঃ কামরুজ্জামান, পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৫। জনাব জামিল আহমেদ আলিম, পরিচালক (অপারেশন এন্ড মাইস), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৬। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৭। জনাব সৈয়দ আশফাকুজ্জামান, সচিব, পেট্রোবাংলা, ঢাকা।
- ০৮। পেট্রোবাংলা: প্রতিনিধিত্বকারী - চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।

পরিচালকবৃন্দ :

- ০১। জনাব মোহাম্মদ আহসানুল জব্বার, চেয়ারম্যান, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অপারেশন), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০২। জনাব মিনহাজ উদ্দিন আহমেদ, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও সদস্য (উৎপাদন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ০৩। জনাব এ. এইচ. এম. মনিরুল ইসলাম খান, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি, ঢাকা।
- ০৪। প্রকৌশলী এ. বি. এম. নাজমুল হাসান, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও প্রাক্তন পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৫। জনাব জনেন্দ্র নাথ সরকার, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৬। জনাব আকরামুজ্জামান, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও উপ-সচিব (অপারেশন-২), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৭। জনাব মোঃ রেজাউল ইসলাম খান, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।
- ০৮। ব্যারিস্টার আবুল কালাম আজাদ, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ, বাড়ী নং-৭৭/বি, ফ্ল্যাট নং-৫-বি, রোড নং-৩, ব্রক-এফ, বনানী, ঢাকা।
- ০৯। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক, জালালাবাদ গ্যাস পরিচালনা পর্ষদ, ফ্ল্যাট নং-এ/২, বাসা নং-৭, রোড নং-১, সেক্টর-৬, উত্তরা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। চেয়ারম্যান, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ০২। সচিব, পেট্রোবাংলা, ৩ কারওয়ান বাজার বা/এ, ঢাকা।
- ০৩। মের্সাস এস, এফ, আহমেদ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, বাড়ী নং- ৫১ (৩য় ও ৪র্থ তলা), রোড নং-৯, ব্রক-এফ, বনানী, ঢাকা-১২১৩।

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর ২৯তম বার্ষিক সাধারণ সভায় ২০১৪-২০১৫ অর্থ বছরের সার্বিক কার্যক্রমের উপর শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম,

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর ২৯তম বার্ষিক সাধারণ সভায় ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর সার্বিক কার্যক্রমের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন পেশ করার প্রাক্কালে আমি জেজিটিডিএসএল পরিচালনা পর্ষদ ও আমার নিজের পক্ষ হতে আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি। এ প্রতিবেদনে ২০১৪-২০১৫ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, সার্বিক পরিচালনা, বিপণন, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম এবং ভবিষ্যৎ উন্নয়ন কর্মপরিকল্পনার সংক্ষিপ্ত বিবরণী তুলে ধরা হয়েছে।

আপনারা অবগত আছেন যে, হযরত শাহজালাল (রঃ)-এর স্মৃতি বিজড়িত পুণ্যভূমি সিলেটে ১৯৫৫ সালে প্রথমে হরিপুরে এবং ১৯৫৯ সালে ছাতকে গ্যাস ক্ষেত্র আবিষ্কৃত হয়। ১৯৬০ সালে ছাতক সিমেন্ট ফ্যাক্টরীতে এবং ১৯৬১ সালে ফেঞ্চুগঞ্জ সার কারখানায় গ্যাস সরবরাহের মাধ্যমে এদেশে বাণিজ্যিকভাবে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার শুরু হয়। পরবর্তীতে পেট্রোবাংলার ব্যবস্থাপনায় ১৯৭৭ সালে “হবিগঞ্জ টি ভ্যালী প্রকল্প” বাস্তবায়নের পর সিলেট শহর ও পার্শ্ববর্তী এলাকায় গ্যাসের চাহিদা পূরণের লক্ষ্যে “সিলেট শহর গ্যাস সরবরাহ প্রকল্প” এর কার্যক্রম গ্রহণ করা হয় এবং ১৯৭৮ সালে আনুষ্ঠানিকভাবে হযরত শাহজালাল (রঃ)-এর মাজার শরীফে গ্যাস সরবরাহের মাধ্যমে সিলেট শহরে গ্রাহকসেবা কার্যক্রম শুরু করা হয়। এরপর আরো কয়েকটি প্রকল্পের সফল বাস্তবায়নের পর ১৯৮৬ সালের ১ ডিসেম্বর কোম্পানী আইনের আওতায় ১৫০ কোটি টাকার অনুমোদিত মূলধনসহ জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড গঠন করা হয়।

সিলেট বিভাগের বিভিন্ন শ্রেণীর গ্রাহকের নিকট পরিবেশ বান্ধব প্রাকৃতিক গ্যাস সরবরাহ করে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি প্রতি বছরের ন্যায় আলোচ্য অর্থ বছরেও কোম্পানী উন্নয়নমূলক কর্মকাণ্ডের সাথে সাথে মুনাফা অর্জনের ধারাও অব্যাহত রেখেছে।



১৭ ডিসেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর ২৮তম বার্ষিক সাধারণ সভা

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন ২০১৪-২০১৫ অর্থ বছরের কোম্পানীর বিভিন্ন কর্মকাণ্ড সম্বলিত পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসান হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন সদয় অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

উন্নয়ন কার্যক্রম :

২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর উন্নয়ন কার্যক্রমের আওতায় প্রকল্প বাস্তবায়ন, পাইপলাইন নির্মাণ ও গ্রাহক সংযোগে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করা হয়েছে :

সিলেট গ্যাস ট্রান্সমিশন নেটওয়ার্ক আপগ্রেডেশন প্রজেক্ট :

জালালাবাদ গ্যাস অধিভুক্ত বিভিন্ন এলাকায় গ্যাসের চাহিদা বৃদ্ধি পাওয়ায় উক্ত এলাকাসমূহে উচ্চচাপ ব্যালেন্সিং পাইপলাইন নির্মাণ, সিলেট জেলার বিশ্বনাথ, বালাগঞ্জ ও ওসমানীনগর এবং মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাসমূহকে গ্যাস সরবরাহ নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে ৬ ইঞ্চি ব্যাসের সর্বমোট ১১৪ কিলোমিটার উচ্চচাপ পাইপলাইন নির্মাণ, ৪টি নতুন ডিআরএস নির্মাণ, ৫টি ডিআরএস মডিফিকেশন কাজ এবং স্থাপিতব্য নেটওয়ার্ককে সিপি সিস্টেমের আওতায় আনার জন্য ৫টি থার্মোইলেকট্রিক জেনারেটর (টিইজি) স্থাপনপূর্বক সিপি কাজ সম্পাদনের লক্ষ্যে “সিলেট গ্যাস ট্রান্সমিশন নেটওয়ার্ক আপগ্রেডেশন প্রজেক্ট” শীর্ষক প্রকল্পটি গ্রহণ



ফেধুগঞ্জ ভান্ড স্টেশনের ভান্ড খুলে নবনির্মিত শাহজালাল ফার্টাইলিজার ফ্যাক্টরিতে গ্যাস সরবরাহের শুভ উদ্বোধন করছেন পেট্রোবাংলার চেয়ারম্যান ইসতিয়াক আহমদ এবং বিসিআইসি'র চেয়ারম্যান মোঃ ইকবাল।

করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ছিল ৬ ৯০৭৫.০০ লক্ষ টাকা যার মধ্যে জিওবি খাতের ৬ ৮০৭৫.০০ লক্ষ টাকা (ঋণ ও ইকুইটি ৬০৪৪০) ও নিজস্ব খাতের ৬ ১০০০.০০ লক্ষ টাকা। প্রকল্পটি জানুয়ারী ২০১২ হতে ডিসেম্বর ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১ ডিসেম্বর ২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ০৮-০৫-২০১২ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন লাভ করে।

বাস্তবতার নিরিখে আলোচ্য প্রকল্পের আওতায় বিভিন্ন এলাকায় বিতরণ নেটওয়ার্ক নির্মাণ অপরিহার্য হওয়ায় কোম্পানীর ৩৩২তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে বিশেষ করে তাজপুর, রশিদপুর, বিশ্বনাথ, বালাগঞ্জ, রাজনগর ইত্যাদি এলাকাসমূহের গুরুত্বপূর্ণ ও কারিগরীভাবে গ্রহণযোগ্য স্থানে বিভিন্ন ব্যাসের ৭৫ কিলোমিটার বিতরণ পাইপলাইন নির্মাণ, ৩টি বিদ্যমান ডিআরএস-এর ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিআরএস মডিফিকেশন এবং ৭টি সিপি স্টেশন নির্মাণ কাজ অন্তর্ভুক্ত করে সময় বৃদ্ধিসহ ডিপিপি'র ২য় সংশোধনীর উদ্যোগ নেয়া হয় যা পরিকল্পনা কমিশন কর্তৃক গত ৩১-১২-২০১৪ তারিখে অনুমোদন লাভ করে। আলোচ্য প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় সর্বমোট ১০৬.৮৩ কোটি টাকা (জিওবি ৮৭.০৩ কোটি টাকা ও নিজস্ব অর্থায়নে ১৯.৮০ কোটি টাকা) যার মেয়াদ আগামী জুন ২০১৬ পর্যন্ত বর্ধিত করা হয়।

প্রকল্প অনুমোদন অনুযায়ী বিভিন্ন বৈদেশিক ও স্থানীয় মালামাল ক্রয়পূর্বক মাঠ পর্যায়ে পাইপলাইন স্থাপন, ডিআরএস নির্মাণ ও মডিফিকেশন কাজের উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে ৬টি গ্রুপে ১০৭ কিলোমিটার পাইপলাইন, ৪টি নতুন ডিআরএস ও ৫টি বিদ্যমান ডিআরএস মডিফিকেশন কাজ সম্পন্ন করা হয়েছে। অপরদিকে, ৭টি সিপি স্টেশন নির্মাণ, ৩টি ডিআরএস মডিফিকেশন ও বিশ্বনাথ, বালাগঞ্জ, ওসমানী নগর, রাজনগর, ভাটেরা, ঘিলাছড়া এবং ব্রাহ্মণবাজার এলাকাসমূহে বিভিন্ন ব্যাসের ৭৫ কিলোমিটার বিতরণ নেটওয়ার্ক নির্মাণ কাজ বাস্তবায়নাধীন রয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী আগামী জুন ২০১৬ এর মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়ন সম্ভব হবে বলে আশা করা যায়। উল্লেখ্য যে, প্রকল্পের আওতায় বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৬.০০ কোটি টাকা আরএডিপি বরাদ্দের বিপরীতে প্রায় ৯৯.৯৭% সফলতা অর্জিত হয়েছে।

গ্যাস পাইপলাইন স্থাপন ও রাইজার উত্তোলন :

২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর আওতাভুক্ত এলাকায় বিভিন্ন ব্যাসের মোট ১৫৩.৬৮ কিলোমিটার গ্যাস বিতরণ পাইপলাইন স্থাপন করা হয় এবং বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদানের জন্য ৭০৮৭ টি রাইজার উত্তোলন করা হয়।

২০১৪-২০১৫ অর্থ বছরে রাইজার ও গ্যাস পাইপলাইন স্থাপন :

(কিলোমিটার)

পাইপ সাইজ (ইঞ্চি)	সিলেট জোন	মৌলভীবাজার জোন	মোট
৩/৪"	২৮.৫৭	১৭.৬৬	৪৬.২৩
১"	৫৩.৩৫	৩৬.৯৩	৯০.২৮
২"	৪.৩০	৩.৮২	৮.১২
৩"	-	০.০১	০.০১
৪"	২.৯৯	১.৮৩	৪.৮২
৬"	১.৬৩	২.৫৫	৪.১৮
মোট	৯০.৮৪	৬২.৮০	১৫৩.৬৪

রাইজার এর সাইজ	সিলেট জোন	মৌলভীবাজার জোন	সর্বমোট
৩/৪"	৪৪৬৪ টি	২৬২৩ টি	৭০৮৭ টি

গ্রাহক সংযোগ :

কোম্পানীর উন্নয়ন কার্যক্রমের আওতায় ২০১৪-২০১৫ অর্থ বছরের বাজেটে গ্রাহক সংযোগের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ১২১০০টি। কিন্তু আলোচ্য অর্থ বছরে লক্ষ্যমাত্রার বিপরীতে ১টি বিদ্যুৎ, ১১টি ক্যাপটিভ বিদ্যুৎ, ৭টি শিল্প, ৪টি সিএনজি, ১১৫টি বাণিজ্যিক ও ১৬৪০৮টি আবাসিক সংযোগ প্রদান করে মোট ১৬৫৪৬ জন গ্রাহককে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। যা লক্ষ্যমাত্রা অপেক্ষা ৩৬.৭৫% এবং বিগত বছরের তুলনায় ১০.৫৫% বেশী। ২০১৪-২০১৫ অর্থ বছরে প্রদত্ত নতুন সংযোগসহ ৩০ জুন ২০১৫ তারিখে কোম্পানীর ক্রমপুঞ্জিত মোট গ্রাহক গ্যাস সংযোগ দাড়িয়েছে ২০৯৪৮৯টি।

২০১৪-২০১৫ অর্থ বছরে প্রদত্ত নতুন সংযোগ এবং ক্রমপুঞ্জিত সংযোগ সংখ্যা নিম্নবর্ণিত ছকে উপস্থাপন করা হলো:

খাত	২০১৪-২০১৫ বছরে	২০১৪-২০১৫		৩০ জুন ২০১৫ পর্যন্ত
	লক্ষ্যমাত্রা	প্রকৃত সংযোগ	স্থায়ী বিচ্ছিন্ন	ক্রমপুঞ্জিত সংযোগ সংখ্যা
সারকারখানা	-	-	-	১
বিদ্যুৎ (পিডিবি)	১	১	-	১৪
বিদ্যুৎ (ক্যাপটিভ)	১০	১১	-	১০৬
সি এন জি	৩	৪	-	৫৬
শিল্প	৮	৭	-	৯৯
চা-বাগান	-	-	-	৯৩
বাণিজ্যিক	৭৮	১১৫	১৮	১৬৯০
আবাসিক	১২০০০	১৬৪০৮	৩৮০	২০৭৪৩০
মোট	১২১০০	১৬৫৪৬	৩৯৮	২০৯৪৮৯

গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃসংযোগ কার্যক্রম :

অনাদায়ী গ্যাস বিল আদায়, অবৈধভাবে গ্যাস ব্যবহার ও গ্রাহক কর্তৃক সৃষ্ট অন্যান্য অনিয়মের কারণে গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম জোরদারকরণের নিমিত্ত আলোচ্য অর্থ বছরে কোম্পানী কর্তৃক সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত ছিল। অনেক সময় সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের কর্মকর্তা-কর্মচারীগণ জীবনের ঝুঁকি নিয়ে গ্রাহক প্রতিষ্ঠানে সশরীরে উপস্থিত হয়ে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করেছে। গ্যাস বিল বকেয়া থাকার কারণে ২০১৪-২০১৫ অর্থ বছরে ৩টি সিএনজি, ১৩৩টি বাণিজ্যিক ও ৪০৪৯টি আবাসিক সহ মোট ৪১৮৫ জন গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়। যাদের নিকট পাওনা টাকার পরিমাণ ছিল ৮.০২ কোটি টাকা। সংযোগ বিচ্ছিন্নকৃত গ্রাহকের নিকট হতে ৭.০১ কোটি টাকা আদায় পূর্বক ৩টি সিএনজি, ৯১টি বাণিজ্যিক ও আবাসিক ৩৫৪৬টি সহ সর্বমোট ৩৬৪০ জন গ্রাহককে পুনঃসংযোগ দেয়া হয়, যার বিবরণ নিম্নরূপঃ

(কোটি টাকায়)

গ্রাহক শ্রেণী	অর্থ বছর ২০১৪-২০১৫			
	সংযোগ বিচ্ছিন্ন		পুনঃসংযোগ	
	সংখ্যা	পাওনা অর্থের পরিমাণ	সংখ্যা	আদায়কৃত অর্থের পরিমাণ
সিএনজি	৩	৪.৯৬	৩	৪.৪১
বাণিজ্যিক	১৩৩	০.৫৯	৯১	০.৪১
আবাসিক	৪০৪৯	২.৪৭	৩৫৪৬	২.১৯
মোট	৪১৮৫	৮.০২	৩৬৪০	৭.০১

গ্রাহকদের প্রত্যয়ন পত্র প্রদান :

গ্রাহকদের সেবার মান বৃদ্ধি ও হয়রানি রোধের লক্ষ্যে প্রতি পঞ্জিকা বছর শেষে গ্রাহক কর্তৃক পরিশোধিত বিলের অর্থ সঠিক ও নির্ভুলভাবে খতিয়ানভুক্তির পর গ্রাহকদের বকেয়ার সঠিক পরিমাণ নিশ্চিত করে কোম্পানী হতে সকল শ্রেণীর গ্রাহকদের নিকট প্রত্যয়নপত্র প্রেরণ করা হচ্ছে। সে অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত সকল শ্রেণীর গ্রাহকের নিকট বকেয়া গ্যাস বিলের পরিমাণ/বকেয়া পাওনা নেই ভিত্তিতে হিসাব করে কোম্পানীর সকল আঞ্চলিক বিতরণ কার্যালয় হতে সর্বমোট ৯১৮০৩ টি প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়েছে অর্থাৎ শতভাগ গ্রাহকের ঠিকানায় নির্ধারিত সময়ে তা প্রেরণ নিশ্চিত করা হয়েছে।

ওয়ান স্টপ সার্ভিস :

কোম্পানী কর্তৃক প্রণীত সিটিজেন চার্টার অনুযায়ী গ্রাহকগণকে স্বল্প সময়ে প্রত্যাশিত সেবা/সহায়তা প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে “ওয়ান স্টপ সার্ভিস”-এর কার্যক্রম নিবিড় মনিটরিং এর নিমিত্তে একটি কমিটির কার্যক্রম অব্যাহত আছে এবং কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন মাসের ১০ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। ২০১৪-২০১৫ অর্থ বছরে ওয়ান স্টপ সার্ভিসের আওতায় সর্বমোট ৬৬৪২ জন গ্রাহকের নতুন সংযোগের আবেদনপত্র গ্রহণ করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে ৬১৯৩ জন গ্রাহককে নতুন গ্যাস সংযোগ প্রদান করা হয় ও অবশিষ্ট ৪৪৯ টি আবেদন অসম্পূর্ণ থাকায় প্রক্রিয়াধীন আছে।

সিস্টেম লস :

২০১৪-২০১৫ অর্থ বছরে দক্ষ ব্যবস্থাপনা ও যথোপযুক্ত রক্ষণাবেক্ষণ কার্যক্রমের মাধ্যমে কোম্পানীর সিস্টেম লস ০.৩২%-এ সীমাবদ্ধ রাখা সম্ভব হয়েছে। কোম্পানীর ভিজিল্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক অবৈধ ও অসাধু উপায়ে গ্যাস ব্যবহার সংক্রান্ত কার্যক্রম মনিটরিং ছাড়াও প্রতিটি জোনে বিশেষ ভিজিল্যান্স টিমের মাধ্যমে অবৈধ ও অসাধু উপায়ে গ্যাস ব্যবহারকারী গ্রাহকদের সনাক্ত করে তাদের বিরুদ্ধে যথারীতি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাছাড়া, মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ গ্যাস ব্যবহারকারী সনাক্তকরণ, জরিমানা আদায় ও সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম চলমান আছে। কোম্পানীর সার্বিক সিস্টেম লস নিয়ন্ত্রণে রাখার জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

বিপণন ও রাজস্ব কার্যক্রম কম্পিউটারায়ন :

বিপণন ও রাজস্ব কার্যক্রম কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে কোম্পানীর ১৫টি আঞ্চলিক বিতরণ কার্যালয়ে সফলভাবে বাস্তবায়িত হওয়ায় সকল তথ্য হালনাগাদ সংরক্ষিত হচ্ছে এবং এর মাধ্যমে রাজস্ব ও বিপণন কার্যক্রমে গতিশীলতা ও অধিকতর সচ্ছতা আনয়ন সম্ভব হয়েছে। এই সফটওয়্যারের মাধ্যমে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত গ্যাস বিল বকেয়া/পরিশোধের ভিত্তিতে প্রত্যয়নপত্র প্রদান ও খেলাপী



মহান বিজয় দিবস ২০১৪ উপলক্ষে কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের ছেলেমেয়েদের চিত্রাংকন প্রতিযোগিতা।

গ্রাহকদের সহজেই চিহ্নিত করে বকেয়া আদায়ের উদ্যোগ গ্রহণ সহজতর হয়েছে। এছাড়া, সকল মিটারযুক্ত গ্রাহকের গ্যাস বিল প্রদান, সকল গ্রাহকের লেজার পোস্টিং, গ্রাহক লেজার ব্যালেন্সিং ও বকেয়া গ্রাহকের তালিকা প্রস্তুতসহ রাজস্ব সংক্রান্ত রিপোর্ট দ্রুততম সময়ে প্রস্তুত করা সম্ভব হচ্ছে। এ প্রোগ্রামের ডাটাবেজ ব্যবহার করে পেট্রোবাংলা ও মন্ত্রণালয় থেকে চাহিদাকৃত গ্রাহকদের বিভিন্ন তথ্য স্বল্পতম সময়ে সরবরাহ করা সম্ভব হচ্ছে এবং গ্রামীণ ফোনের মাধ্যমে গ্যাস বিল আদায় পদ্ধতি অধিকতর সহজ হয়েছে।

বিল-পে (Bill-Pay) সিস্টেম :

সরকার কর্তৃক গৃহীত বিবিধ পদক্ষেপের মধ্যে পাবলিক ইউটিলিটি বিল পরিশোধের উপায় সহজীকরণ ও সেবার মান বৃদ্ধির জন্য ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্বারোপ করায় গত মার্চ, ২০১১ হতে মোবাইল ফোনের মাধ্যমে গ্যাস বিল আদায় শুরু হয়। এ পদ্ধতিতে আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকগণ দেশের যে কোন স্থান থেকে যে কোন সময় মোবাইল ফোনের মাধ্যমে অথবা গ্রামীণ ফোন অনুমোদিত যে কোন বিল-পে কেন্দ্র হতে তাদের গ্যাস বিল পরিশোধ করতে পারছে। উল্লেখ্য, ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট ২৭৭৩৮ জন গ্রাহক তাদের গ্যাস বিল বাবদ ২.৪৮ কোটি টাকা মোবাইল ফোন টেকনোলজির মাধ্যমে পরিশোধ করেছে।

অন-লাইন গ্যাস বিল ইনফরমেশন সিস্টেম :

কোম্পানীর সম্মানিত গ্রাহকগণ যাতে করে তাদের গ্যাস বিল পরিশোধ ও বকেয়া সংক্রান্ত তথ্য ইন্টারনেটের মাধ্যমে জানতে পারেন সে জন্য কোম্পানীতে “অন-লাইন গ্যাস বিল ইনফরমেশন সিস্টেম” চালু আছে। এ তথ্য প্রযুক্তি ব্যবহার করে গ্রাহকগণ তাদের গ্যাস বিল পরিশোধ ও বকেয়া সংক্রান্ত তথ্য কোম্পানীর ওয়েবসাইট থেকে জেনে যথাসময়ে বিল পরিশোধ করে গ্যাস সংযোগ বিচ্ছিন্নতা এড়াতে পারেন এবং কোম্পানীর বকেয়া রাজস্ব আদায়ে তা ইতিবাচক ভূমিকা রাখছে। গ্রাহকসেবার মানোন্নয়নের লক্ষ্যে আধুনিক তথ্য-প্রযুক্তিকে আরো ব্যাপকভাবে কাজে লাগানোর জন্য Online Gas Bill Payment System প্রবর্তনের লক্ষ্যে ইতোমধ্যে কোম্পানীতে Web-based Software তৈরীর প্রাথমিক উদ্যোগ গৃহীত হয়েছে।

পূর্ত নির্মাণ কাজ :

২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর আওতাধীন ফেঞ্চগঞ্জ আঞ্চলিক বিতরণ কার্যালয়ে ৫৮.০৬ লক্ষ টাকা ব্যয়ে দুই ইউনিট বিশিষ্ট দু’তলা অফিসার্স ডরমিটরী এবং ৬১.৮৮ লক্ষ টাকা ব্যয়ে দুই ইউনিট বিশিষ্ট তিন তলা ষ্টাফ ডরমিটরী ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া, শাহজীবাজার আঞ্চলিক বিতরণ কার্যালয়ে ১৪০.০০ লক্ষ টাকা ব্যয়ে তিন তলা অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

প্রশাসনিক কার্যক্রম :

একটি প্রতিষ্ঠানের সার্বিক উন্নতি ও সুশৃঙ্খল পরিবেশ নির্ভর করে সুদৃঢ় এবং দক্ষ প্রশাসনিক ব্যবস্থার উপর। কোম্পানীর প্রশাসনিক ব্যবস্থা সুদৃঢ়করণ এবং সৌহার্দমূলক পরিবেশ বজায় রাখার লক্ষ্যে এ অর্থ বছরে যে সকল প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে, তার বিবরণী নিম্নরূপঃ

জনবল :

কোম্পানীর কর্মপরিধি তথা বিভিন্ন শ্রেণীর গ্রাহক, গ্যাস বিক্রয় ও রাজস্ব আয় উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় গ্রাহকদের অনুকূলে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতকরণসহ সার্বিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিগত ০৮-০১-২০১৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর পরিচালনা পর্ষদের ৩৪১তম সভায় ৪২২ জন কর্মকর্তার স্থলে ৪৫৫ জন কর্মকর্তা ও ৪২৭ জন কর্মচারীর স্থলে ৪৬৫ জন কর্মচারীর সংস্থানসহ সর্বমোট ৯২০ জন লোকবল সম্বলিত সাংগঠনিক কাঠামো অনুমোদিত হয়। অনুমোদিত সাংগঠনিক কাঠামোর বিপরীতে ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা যথাক্রমে ৩৩২ ও ২৫৫।

মানব সম্পদ উন্নয়ন :

আমরা জানি যে, একটি প্রতিষ্ঠানের সঠিক উন্নয়ন ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য দক্ষ জনশক্তির কোন বিকল্প নেই। কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতার উন্নয়ন ও তাদের অভিজ্ঞতার সুষ্ঠু প্রয়োগের ক্ষেত্রে প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যকে সামনে রেখে কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরী সংশ্লিষ্ট স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে কোম্পানীর মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে। উক্ত কার্যক্রমের অংশ হিসাবে ২০১৪-২০১৫ অর্থ বছরে ৩৭ জন কর্মকর্তাকে ইন-হাউজ প্রশিক্ষণ, ১১৪ জন কর্মকর্তা ও ২ জন কর্মচারীকে বিভিন্ন বিষয়ে ঢাকাস্থ বিভিন্ন প্রতিষ্ঠান যেমন- বিপিআই, বিআইএম, বিপিএটিসি, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, পরমাণু শক্তিকেন্দ্র এবং চট্টগ্রামস্থ প্রশিক্ষণ প্রতিষ্ঠান শিল্প-সম্পর্ক শিক্ষায়তনে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। আলোচ্য অর্থ বছরে বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় কোম্পানীর ৪ জন কর্মকর্তা থাইল্যান্ড ও ১১ জন কর্মকর্তা ফিলিপাইনে অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

কল্যাণমূলক কার্যক্রম :

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

কোম্পানীর উন্নয়নমূলক কর্মকান্ড ও আর্থিক অগ্রগতির সাথে সঙ্গতি রেখে কল্যাণমূলক কার্যক্রম এগিয়ে চলেছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানী নিম্নোক্ত শিক্ষা, সাংস্কৃতিক, সামাজিক, ধর্মীয় ও বিনোদনমূলক অনুষ্ঠান/ কার্যক্রম পরিচালনা করেছে :



কোম্পানীর ফেঞ্চগঞ্জ আঞ্চলিক বিতরণ কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নবনির্মিত ডরমিটরি।

শিক্ষা বৃত্তি :

কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সন্তানদের লেখাপড়ায় কৃতিত্বপূর্ণ সাফল্যের স্বীকৃতি এবং উৎসাহ প্রদানের লক্ষ্যে কোম্পানীর বৃত্তি স্কিমের আওতায় আলোচ্য অর্থ বছরে সরকারি প্রাথমিক ও জুনিয়র বৃত্তি প্রাপ্ত ৯ জন এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বপূর্ণ সাফল্যের জন্য ৭৬ জনসহ মোট ৮৫ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে।

ঋণ প্রদান কর্মসূচী :

কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণের লক্ষ্যে আলোচ্য অর্থ বছরে গৃহনির্মাণ, মোটর সাইকেল এবং কম্পিউটার ক্রয়ের নিমিত্ত কর্মকর্তা-কর্মচারীদের ১২৫০.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে।

করপোরেট সোস্যাল রেসপনসিবিলিটি (CSR) :

কোম্পানীর ২০১৪-২০১৫ অর্থ বছরের রাজস্ব বাজেটে করপোরেট সোস্যাল রেসপনসিবিলিটি (CSR) খাতে ৩০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। ২০১৪-২০১৫ অর্থ বছরে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিবন্ধী প্রতিষ্ঠানসমূহে আর্থিক সহায়তা বাবদ এ খাত হতে মোট ১৩.০০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, কোম্পানীর পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী CSR খাতে বরাদ্দকৃত ৩০.০০ লক্ষ টাকার ৩০% অর্থাৎ ৯.০০ লক্ষ টাকা জালালাবাদ গ্যাস বিদ্যুৎ নিকেতন এর সংশ্লিষ্ট ফান্ডে স্থানান্তর করা হয়েছে।

শিক্ষা, ধর্মীয় ও বিনোদনমূলক অনুষ্ঠান :

কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সৌহার্দপূর্ণ সম্পর্ক, ভ্রাতৃত্ব ও সহর্মিতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৪-২০১৫ অর্থ বছরে বনভোজন, সাংস্কৃতিক অনুষ্ঠান, মিলাদ মাহফিল ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতদ্ব্যতীত, কোম্পানীতে মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদ্‌যাপন করা হয়।

আর্থিক ও বাণিজ্যিক কার্যক্রম :

আমি এখন কোম্পানীর আর্থিক ও বাণিজ্যিক কার্যক্রমের উপর আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক এ সম্পর্কিত বিস্তারিত বিবরণ আপনাদের সদয় অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

গ্যাস বিক্রয় :

২০১৪-২০১৫ অর্থ বছরে গ্যাস বিক্রয়ের লক্ষ্যমাত্রা মোট ২১৭১.৫৬০ মিলিয়ন ঘনমিটারের বিপরীতে ২১৯৮.৬৮৮ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিপণন করা হয় এবং রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ৯৬৭.৪২ কোটি টাকার বিপরীতে প্রকৃত রাজস্ব আয় ১০০৬.৩৫ কোটি টাকা, যা খাতওয়ারী ছক আকারে নিম্নে উল্লেখ করা হলো :

পরিমান : এমএমসিএম/মূল্য : কোটি টাকা

গ্রাহক শ্রেণী	২০১৪ - ২০১৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		২০১৪ - ২০১৫ অর্থ বছরের প্রকৃত বিক্রয়	
	আয়তন	মূল্য	আয়তন	মূল্য
বিদ্যুৎ (পিডিবি)	১৪৪৮.০০০	৪০৮.৩৪০	১৪৬২.৯২০	৪১২.৫৪
সার কারখানা	৬৩.০১০	১৬.২৬০	২২.৮৬৭	৫.৯০
শিল্প	২০৩.৫০০	১১৯.২৫০	২২০.৭২১	১২৯.৩৪
চা-বাগান	২৩.৫০০	১৩.৭৭০	২২.৩৮৭	১৩.১২
বাণিজ্যিক	২০.২০০	১৯.১২০	২১.৭৭৯	২০.৬২
আবাসিক	২০৭.০০০	১০৬.৮১০	২০৭.৩২৭	১০৬.৯৮
ক্যাপিটাল বিদ্যুৎ	১০১.৩৫০	৪২.৩৬০	১২৫.২৫৬	৫২.৩৬
সি.এন.জি	১০৫.০০০	২৪১.৫১০	১১৫.৪৩১	২৬৫.৪৯
মোট	২১৭১.৫৬০	৯৬৭.৪২০	২১৯৮.৬৮৮	১০০৬.৩৫

উপর্যুক্ত তথ্য থেকে দেখা যায়, আলোচ্য অর্থ বছরে লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত গ্যাস বিক্রয়ের পরিমাণ ১.২৫% বৃদ্ধি পেয়েছে।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের প্রভাত ফেরী ও শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ।

ইইলিং চার্জ :

২০১৪-২০১৫ অর্থ বছরে জিটিসিএল-এর সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে অত্র কোম্পানীর আওতাভুক্ত এলাকায় সরবরাহকৃত গ্যাসের ইইলিং চার্জ বাবদ ব্যয় হয়েছে ২০.১৪ কোটি টাকা।

প্রাইস ডেফিসিট ফান্ড (PDF) :

আন্তর্জাতিক তেল কোম্পানী (IOC) হতে বিক্রি মূল্যের চেয়ে অধিক মূল্যে গ্যাস ক্রয়ের কারণে মূল্য ঘাটতির উদ্ভব হওয়ায় ঘাটতি পূরণের লক্ষ্যে পেট্রোবাংলা কর্তৃক প্রাইস ডেফিসিট ফান্ড গঠন করা হয়। জাতীয় গ্যাস ক্ষেত্র হতে সরবরাহকৃত গ্যাসের উপর প্রাইস ডেফিসিট ফান্ড সংগৃহীত হয়। প্রাইস ডেফিসিট ফান্ড খাতে ২০১৪-২০১৫ অর্থ বছরে পেট্রোবাংলাকে মোট ৫০.৭২ কোটি টাকা পরিশোধ করা হয়।

গ্যাস উন্নয়ন তহবিল (GDF) :

গ্যাস অনুসন্ধান ও উৎপাদনে নিয়োজিত কোম্পানীসমূহের মজুদ/উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে ২০০৯ সালে গ্যাস উন্নয়ন তহবিল গঠন করা হয়। আলোচ্য অর্থ বছরে উক্ত খাতে মোট ৪৪.৩৮ কোটি টাকা পরিশোধ করা হয়।

আয় ও ব্যয় :

২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানী গ্যাস বিপণন বাবদ ১০০৬.৩৬ কোটি টাকা এবং অন্যান্য আয় বাবদ ৯০.২০ কোটি টাকাসহ মোট ১০৯৬.৫৬ কোটি টাকা রাজস্ব আয় করে। অপরদিকে, গ্যাস ক্রয় বাবদ ৭৩৬.৭২ কোটি টাকাসহ ৯৪৫.৩৬ কোটি টাকা পরিচালন বাবদ ব্যয় করে কোম্পানী মোট ১৫১.২০ কোটি টাকা কর-পূর্ব ও ৯৮.২৮ কোটি টাকা করোত্তর নীট মুনাফা অর্জন করেছে।

মুনাফা বিশ্লেষণ :

আলোচ্য বছরে গ্যাস বিক্রয়ের পরিমাণ ১০০৬.৩৬ কোটি টাকা যা বিগত বছরে ছিল ৯৪৫.৮২ কোটি টাকা। ফলে আলোচ্য বছরে বিগত বছরের তুলনায় গ্যাস বিক্রয় বৃদ্ধি পায় ৬০.৫৪ কোটি টাকা অর্থাৎ ৬.৪০%। এছাড়া আলোচ্য বছরে ব্যাংক সুদসহ অন্যান্য আয় হয় ৯০.২০ কোটি টাকা যা বিগত বছরে ছিল ৮০.৮৭ কোটি টাকা, ফলে বিগত বছরের তুলনায় অন্যান্য আয় বৃদ্ধি পায় ৯.৩৩ কোটি টাকা অর্থাৎ ১১.৫৪%। ফলশ্রুতিতে আলোচ্য বছরে গ্যাস বিক্রয়ের বিপরীতে রাজস্বের পরিমাণ ৬.৪০% এবং অন্যান্য আয় ১১.৫৪% বৃদ্ধি পাওয়ায় বিগত বছরের তুলনায় সার্বিকভাবে কর-পূর্ব মুনাফার হার ১২.৯৮% বৃদ্ধি পায়।

বকেয়া রাজস্ব :

কোম্পানীর সকল শ্রেণীর গ্রাহকদের নিকট জুন ২০১৫ পর্যন্ত গ্যাস বিল বাবদ পাওনা অর্থের পরিমাণ ২২৯.৮৭ কোটি টাকা যা ২.৩৬ মাসের গড় বিলের সমতুল্য। তন্মধ্যে বিসিআইসি'র আওতাধীন দু'টি কোম্পানী প্রাকৃতিক গ্যাস সার কারখানা ও ছাতক সিমেন্ট কোম্পানী লিঃ এর নিকট জুন ২০১৫ পর্যন্ত বকেয়া পাওনা যথাক্রমে ১৫.১৯ কোটি ও ১২.৭৯ কোটি টাকা যা ১১.০০ মাসের গড় বিলের সমতুল্য। এছাড়া, লাফার্জ সুরমা সিমেন্ট লিঃ এর নিকট জুন ২০১৫ পর্যন্ত কোম্পানীর বকেয়া পাওনার পরিমাণ ৭৪.৪৭ কোটি টাকা যা ৮.৬২ মাসের গড় বিলের সমতুল্য। লাফার্জ সুরমা সিমেন্ট লিঃ-এর সাথে কোম্পানীর Arbitration মামলায় মাননীয় ট্রাইব্যুনাল গত ২৯-০৬-২০১৫ তারিখ Award প্রদান করেন। প্রদত্ত Award-এ জালালাবাদ গ্যাসের স্বার্থ সংরক্ষিত না হওয়ায় এবং জালালাবাদ গ্যাস উক্ত রায়ে সংক্ষুব্ধ হওয়ায় উক্ত Award এর বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে নিয়মিত আপীল দায়ের করা হয়েছে এবং তা শুনানীর জন্য অপেক্ষমান তালিকায় আছে। কোম্পানীর খাতওয়ারী বকেয়ার পরিমাণ নিম্নে ছক আকারে উল্লেখ করা হলো :

(কোটি টাকায়)

গ্রাহক শ্রেণী	সরকারী/আধাসরকারী		বেসরকারী		মোট টাকা		গড় মাস	
	জুন ২০১৪	জুন ২০১৫	জুন ২০১৪	জুন ২০১৫	জুন ২০১৪	জুন ২০১৫	জুন ২০১৪	জুন ২০১৫
বিদ্যুৎ	৫৭.২৭	৩২.৫৪	২৬.৫৪	৩৬.৪৬	৮৩.৮১	৬৯.০০	২.০০	১.৮১
সার কারখানা	৩০.৮৪	১৫.১৯	-	-	৩০.৮৪	১৫.১৯	১২.০০	৮.০০
শিল্প	-	২.৯৯	৭.১১	৬.৭১	৭.১১	৯.৭০	১.৫৩	১.৬৩
সিমেন্ট কোম্পানী	১০.৭৮	১২.৭৯	৬৫.৮৭	৭৪.৪৬	৭৬.৬৫	৮৭.২৫	৯.০৪	১১.৮১
চা-বাগান	-	-	২.৩০	১.৪৪	২.৩০	১.৪৪	১.৩৯	১.৫২
সি.এন.জি	-	-	২৬.৮১	২৮.৭৯	২৬.৮১	২৮.৭৯	১.২৩	১.২৮
বাণিজ্যিক	-	-	৩.২৯	৪.২৫	৩.২৯	৪.২৫	১.৮৭	২.২৬
আবাসিক	১.৯৩	২.৭৬	৬.১৯	৬.৭৭	৮.১২	৯.৫৩	১.২৭	১.০৩
ক্যাপিটাল পাওয়ার	-	-	-	৪.৭২	-	৪.৭২	-	১.৪১
মোট	১০০.৮২	৬৬.২৭	১৩৮.১১	১৬৩.৬০	২৩৮.৯৩	২২৯.৮৭	-	-

সরকারী বাক্স গ্রাহক ও লাফার্জ সুরমা সিমেন্ট লিঃ-এর নিকট বিপুল পরিমাণ রাজস্ব অনাদায়ী থাকায় কোম্পানীর আর্থিক তারল্যের উপর বিরূপ প্রভাব পড়ছে এবং গ্যাস উৎপাদন কোম্পানী ও ট্রান্সমিসন কোম্পানীর পাওনা, ডিএসএল, আয়কর, লভ্যাংশ ইত্যাদি পরিশোধ বিলম্বিত হচ্ছে। তবে সকল শ্রেণীর খেলাপী গ্রাহকের সাথে যোগাযোগক্রমে তাদের নিকট হতে বকেয়া রাজস্ব আদায়ে জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

সরকারী কোষাগারে অর্থ জমাদান :

২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানী ডিএসএল বাবদ ২.৫১ কোটি, লভ্যাংশ বাবদ ২৭.৭২ কোটি, আয়কর বাবদ ৪০.০২ কোটি ও আমদানী শুল্ক বাবদ ০.৭৬ কোটি টাকাসহ মোট ৭১.০১ কোটি টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে।

আর্থিক পর্যালোচনা :

২০১৪-২০১৫ অর্থ বছরে ৫১.১৭ কোটি টাকা ক্যাশ বাজেট বরাদ্দের বিপরীতে প্রকৃত রাজস্ব ব্যয় হয় ৪৭.৬৩ কোটি টাকা, যা বাজেট বরাদ্দ হতে ৩.৫৪ কোটি টাকা অর্থাৎ শতকরা ৬.৯২ ভাগ কম। আলোচ্য অর্থ বছরে কোম্পানীর রেন্ট অব রিটার্ন (ROR) ৯৩.৩৯%, ঋণ ও মূলধনের অনুপাত ৩ : ৯৭। অন্যদিকে, ঋণ সেবা অনুপাত বিগত অর্থ বছরের ৫৫.৪৬ টাইমস-এর স্থলে আলোচ্য অর্থ বছরে ৪৬.২০ টাইমস। উপর্যুক্ত অনুপাতসমূহ কোম্পানীর সন্তোষজনক আর্থিক অবস্থার প্রতিফলন।

স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রম :

কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সময়ে স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থেকে দায়িত্ব পালন করতে হয় বিধায় গ্যাস সরবরাহ, সিস্টেম পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত জনবলের স্বাস্থ্যগত নিরাপত্তা এবং কোম্পানীর গ্যাস পাইপলাইন ও স্টেশন অপারেশনসহ

বিভিন্ন স্থাপনাসমূহের নিরাপত্তা ও পরিবেশগত কার্যক্রমে কোম্পানী প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করে থাকে। আলোচ্য ২০১৪-২০১৫ অর্থ বছরে স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ বিষয়ক সম্পাদিত কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণী নিম্নে প্রদত্ত হলো :

স্বাস্থ্য :

কোম্পানীতে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও তাদের উপর নির্ভরশীল পোষ্যদের স্বাস্থ্য সেবা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে প্রধান কার্যালয়ে ১জন এমবিবিএস ডাক্তার নিয়োজিত রয়েছেন এবং অন্যান্য আঞ্চলিক বিতরণ কার্যালয় ও স্থাপনায় রিটেইনার চিকিৎসকের মাধ্যমে চিকিৎসা সেবা ও পরামর্শ প্রদান করা হয়ে থাকে। এছাড়া, কোম্পানীতে সরকার অনুমোদিত ঔষধসহ সার্বক্ষণিক অ্যাম্বুলেন্সের ব্যবস্থা রয়েছে।

নিরাপত্তা :

কোম্পানীর প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের এবং নিরাপত্তা কাজে নিয়োজিত সংশ্লিষ্ট নিরাপত্তা কর্মীদেরকে সময়ে সময়ে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাদের মাধ্যমে অফিস /স্থাপনায় অগ্নিকাণ্ড সংক্রান্ত দৈব-দুর্ঘটনা ও আপদকালীন বিপদ হতে কোম্পানীর স্থাপনা/ সম্পদ/লোকবলকে নিরাপদ রাখার বিষয়ে সচেতনতার জন্য প্রশিক্ষণ/কর্মশালায় আয়োজন করা হয়।

২০১৪-২০১৫ অর্থ বছরে ২৪ টি অগ্নিদুর্ঘটনা সহ সর্বমোট ১১৬৭ টি দুর্ঘটনা/অনুঘটনা সফলতার সাথে মোকাবেলা করা হয়। এ সমস্ত দুর্ঘটনার মধ্যে অগ্নিকাণ্ডজনিত ২৪ টি দুর্ঘটনায় সম্পদের নগণ্য ক্ষতি সাধিত হয়; আর্থিক দিক দিয়ে যার পরিমাণ ১৫৬০/- (এক হাজার পাঁচশত ষাট) টাকা মাত্র। এছাড়া কোন ক্ষতি সাধিত হয়নি, গ্যাস সম্পর্কিত বড় ধরনের কোন দুর্ঘটনাও ঘটেনি।

কোম্পানীর গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহের নিরাপত্তা ব্যবস্থা অধিকতর জোরদারকরণের লক্ষ্যে গঠিত গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা তদারকিকরণ কমিটি কর্তৃক প্রতিমাসে স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা সরেজমিনে তদারকি করা হয়। উক্ত কমিটির তদারকি অব্যাহত আছে। কোম্পানীর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/আবিকা/শাখার তথ্য মতে ২০১৩-২০১৪ অর্থ বছরের তুলনায় ২০১৪-২০১৫ অর্থ বছরে স্বল্পচাপ পাইপলাইন ও রাইজারের লিকেজ এর পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থ বছরে সংঘটিত দুর্ঘটনা ও গ্যাস লিকেজের তুলনামূলক পরিসংখ্যান নিম্নবর্ণিত ছকে উল্লেখ করা হলো :

ক্রমিক নং	দুর্ঘটনার/অনুঘটনার বর্ণনা	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	দুর্ঘটনা/অনুঘটনার কারণ
১।	অগ্নি দুর্ঘটনা	০৩	২৪	বজ্রপাত
২।	গ্যাস বিতরণ নেটওয়ার্ক-এ লিকেজের সংখ্যা	১৯	৬৫	দীর্ঘকালীন ব্যবহার
৩।	রাইজার হতে লিকেজের সংখ্যা	৩৪৯	৬৬৭	"
৪।	গ্রাহক অঙ্গিনাতে লিকেজের সংখ্যা	৬৩	২৩৬	"
৫।	অন্যান্য	৩২৪	১৭৫	নানাবিধ
	মোট	৭৫৮	১১৬৭	

পরিবেশ :

বিদ্যমান গ্যাস সঞ্চালন/পরিবহন ও বিতরণ নেটওয়ার্ক এবং বিভিন্ন গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা ও উহার রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনসহ নতুন পাইপলাইন ও গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র নির্মাণ/স্থাপন কাজ সম্পাদনকালে পরিবেশ সংরক্ষণ নীতি ও কোম্পানীর আদেশ-বিনির্দেশ এবং “প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা-১৯৯১” (সংশোধনীসহ) অনুসৃত হয়। এছাড়া আবাসিক গ্রাহক ব্যতীত অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে “পরিবেশ ছাড়পত্র” গ্রহণপূর্বক গ্যাস সংযোগ প্রক্রিয়াকরণ তথা সংযোগ প্রদান করা হয়। গ্যাস সংযোগ প্রদান ও জরুরী রক্ষণাবেক্ষণের সময় বাতাসে গ্যাসের নিঃসরণ যথাসম্ভব ন্যূনতম পর্যায়ে সীমিত রাখা হয়। প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও পরিবেশ দূষণ রোধকল্পে কোম্পানীর বিভিন্ন অঙ্গিনায় বিদ্যমান বিভিন্ন প্রজাতির বৃক্ষাদির নিয়মিত পরিচর্যা করা হয়।

ভবিষ্যত উন্নয়ন ও কর্ম-পরিকল্পনা :

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন কোম্পানীর ভবিষ্যত উন্নয়ন ও কর্ম-পরিকল্পনা সম্পর্কে আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক উল্লেখ করতে চাই যে, কোম্পানীর আওতাধীন বিভিন্ন এলাকায় নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র ও অন্যান্য শিল্প প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনার প্রেক্ষিতে এবং কোম্পানীর বিপণন কার্যক্রম ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় কোম্পানীর ভবিষ্যত সম্ভাবনা আরো উজ্জ্বল হয়ে উঠেছে। বর্তমানে কোম্পানীর বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের মাধ্যমে দৈনিক গড়ে প্রায় ২৮০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) হারে গ্যাস ব্যবহৃত হচ্ছে যা জুন’২০১৬ নাগাদ গড়ে দৈনিক ৩৮০



মহান বিজয় দিবস ২০১৪ উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করছেন কোম্পানীর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ মোস্তাফিজুর রহমান

মিলিয়ন ঘনফুটের উর্ধ্বে হবে বলে আশা করা যায়। বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি বিদ্যুৎ ও শিল্প উৎপাদনের জন্য আগ্রহী বিনিয়োগকারীদের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে।

কোম্পানীর নিয়ন্ত্রণাধীন এলাকায় সরকারি-বেসরকারি খাতে যে সকল বিদ্যুৎ কেন্দ্র/অন্যান্য প্রতিষ্ঠান নির্মাণাধীন আছে/নির্মাণের পরিকল্পনা রয়েছে, সেগুলো সম্পর্কে নিম্নে আলোকপাত করা হলোঃ

(ক) মেসার্স শাহজাহানউল্লাহ পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ

২৫ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এ বিদ্যুৎ কেন্দ্র সিলেটের কুমারগাঁও-এ সম্প্রতি নির্মাণ করত: চালু করা হয়েছে। জালালাবাদ গ্যাসের সাথে স্বাক্ষরিত গ্যাস বিক্রয় চুক্তি (Gas Sales Agreement-GSA) অনুযায়ী গত ১৫-১০-২০১৩ তারিখে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। এতে বর্তমানে দৈনিক গড়ে প্রায় ৪ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস ব্যবহৃত হচ্ছে। আরো ৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে ৭ এমএমসিএফডি হারে অতিরিক্ত গ্যাস বরাদ্দের আবেদনের প্রেক্ষিতে ২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ৫.৫ এমএমসিএফডি হারে গ্যাস বরাদ্দ প্রদান করা হয়েছে। আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রের মাধ্যমে অতিরিক্ত ২২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হলে দেশের বিরাজমান বিদ্যুৎ অবস্থার উন্নতি সাধিত হবে।

(খ) সামিট বিবিয়ানা-২ পাওয়ার কোম্পানী লিঃ

৩৪১ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন সামিট বিবিয়ানা-২ বিদ্যুৎ কেন্দ্রটি হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার বিবিয়ানা এলাকাতে নির্মিত হয়েছে। বিবিয়ানা এলাকায় বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহের লক্ষ্যে ২০ ইঞ্চি ব্যাসের ১০০০ পিএসআইজি চাপ বিশিষ্ট ১০ কিলোমিটার গ্যাস পাইপলাইন স্থাপন কাজ ১৩-০৪-২০১৫ তারিখে সম্পন্ন হয়েছে। শেভরন বাংলাদেশ লিঃ এর বিবিয়ানা গ্যাস ফিল্ড হতে উক্ত পাইপলাইনের মাধ্যমে সামিট-বিবিয়ানা-২ বিদ্যুৎ কেন্দ্রে বর্তমানে গড়ে ৫৫ এমএমসিএফডি হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

(গ) বিবিয়ানা-৩ কন্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র :

বিবিয়ানা এলাকায় বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহের লক্ষ্যে ২০ ইঞ্চি ব্যাসের ১০০০ পিএসআইজি চাপ বিশিষ্ট ১০ কিলোমিটার উচ্চচাপ গ্যাস পাইপলাইন স্থাপন কাজ ১৩-০৪-২০১৫ তারিখে সম্পন্ন হয়েছে। শেভরন বাংলাদেশ লিঃ এর বিবিয়ানা গ্যাস ফিল্ড হতে উক্ত পাইপলাইনে গ্যাস সরবরাহ অব্যাহত রয়েছে। বিবিয়ানা-৩ বিদ্যুৎ কেন্দ্রের মোট গ্যাস চাহিদা ৫৫ এমএমসিএফডি। বিদ্যুৎ উন্নয়ন

বোর্ড কর্তৃক বিবিয়ানা-৩ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন কাজটি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। বিবিয়ানা-৩ বিদ্যুৎ কেন্দ্র এবং এতদসংক্রান্ত সিএমএস নির্মাণ সাপেক্ষে গ্যাস সরবরাহ করা যাবে।

(ঘ) বিবিয়ানা সাউথ কন্টাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র :

বিবিয়ানা এলাকায় বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহের লক্ষ্যে ২০ ইঞ্চি ব্যাসের ১০০০ পিএসআইজি চাপ বিশিষ্ট ১০ কিলোমিটার উচ্চচাপ কমন গ্যাস পাইপলাইন স্থাপন কাজ ১৩-০৪-২০১৫ তারিখে সম্পন্ন হয়েছে। শেভরন বাংলাদেশ লি: এর বিবিয়ানা গ্যাস ফিল্ড হতে উক্ত পাইপলাইনে গ্যাস সরবরাহ অব্যাহত রয়েছে। ৪০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন বিবিয়ানা-সাউথ কন্টাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে আনুমানিক ৫৫ এমএমসিএফডি হারে গ্যাস ব্যবহৃত হবে। ২০১৬ সনের মধ্যে বিদ্যুৎ কেন্দ্রটি চালু হবে মর্মে আশা করা যায়।

(ঙ) শাহজীবাজার ৩৩০ মেগাওয়াট কন্টাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প :

পিডিবি'র নিয়ন্ত্রণে ২০১৬ সালের মধ্যে শাহজীবাজার এলাকায় শাহজীবাজার ৩৩০ মেগাওয়াট কন্টাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটি চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। এ লক্ষ্যে জালালাবাদ গ্যাস ও পিডিবি'র সাথে MoU স্বাক্ষরিত হয়েছে। জালালাবাদ গ্যাস, পিডিবি ও ইপিসি ঠিকাদারের সাথে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ পুরোদমে চলছে। আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রে গ্যাসের চাহিদা ৪৭ এমএমসিএফডি।

(চ) ফেঞ্চুগঞ্জ কুশিয়ারা ১৬৩ মেগাওয়াট কন্টাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র :

কুশিয়ারা পাওয়ার কোম্পানী লিঃ-এর নিয়ন্ত্রণে ১৬৩ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন এ বিদ্যুৎ কেন্দ্রটি ফেঞ্চুগঞ্জ এলাকায় স্থাপিত হবে। বিদ্যুৎ কেন্দ্রটি স্থাপিত হলে এতে দৈনিক প্রায় ২৮ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস ব্যবহৃত হবে। উক্ত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের বিষয়ে জালালাবাদ গ্যাসের সাথে প্রজেক্ট কোম্পানীর GSA স্বাক্ষরিত হয়েছে।

(ছ) মেসার্স দেশ ক্যামব্রিজ কুমারগাঁও পাওয়ার কোম্পানী লিঃ :

সিলেট শহরের নিকটবর্তী কুমারগাঁও এলাকায় ১০ মে:ও: ক্ষমতা সম্পন্ন মেসার্স দেশ ক্যামব্রিজ কুমারগাঁও পাওয়ার কোম্পানী লি: নামীয় বিদ্যুৎ কেন্দ্রটি বর্তমানে চালু রয়েছে। আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রে ২০০৯ সালে গ্যাস সংযোগ প্রদান করা হয়। তাদের বর্তমান স্টেশন সংলগ্ন স্থানে অতিরিক্ত ৫০ মে: ও: ক্ষমতাসম্পন্ন আরেকটি ইউনিট স্থাপনের জন্য গ্যাস সরবরাহের লক্ষ্যে অত্র কোম্পানী বরাবর আবেদনের প্রেক্ষিতে দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট গ্যাসের বরাদ্দ দেয়া হয়। আশা করা যায়, আগামী অর্থ বছরে উক্ত বিদ্যুৎ কেন্দ্রটি নির্মিত হবে।



মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ-এর অবসরপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক এবং জালালাবাদ গ্যাসের প্রাক্তন মহাব্যবস্থাপক প্রকৌশলী মোঃ মঈনউদ্দিনকে পেনশনের চেক হস্তান্তর করছেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ রেজাউল ইসলাম খান।

(জ) মেসার্স বিয়ানীবাজার পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড :

শ্রীমঙ্গল, মৌলভীবাজার এলাকায় মেসার্স বিয়ানীবাজার পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড ২০ মেগাওয়াট: ক্ষমতা সম্পন্ন ব্যক্তি মালিকানাধীন বিদ্যুৎ কেন্দ্রে দৈনিক ৪ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহের প্রাথমিক সম্মতিপত্র দেয়া হয়েছে। আশা করা যায়, আগামী অর্থ বছরে আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রটি নির্মিত হবে।

(ঝ) শাহজালাল ফার্টিলাইজার ফ্যাক্টরী :

বিসিআইসি'র অধীনে ফেঞ্চুগঞ্জে দৈনিক ১৭৬০ মেট্রিক টন ক্ষমতা সম্পন্ন শাহজালাল ফার্টিলাইজার ফ্যাক্টরী নামে বিসিআইসি কর্তৃক একটি নতুন সার কারখানার নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের লক্ষ্যে ইতিপূর্বে উচ্চচাপ পাইপলাইন নির্মাণ করা হয়েছে এবং অস্থায়ী সিএমএস এর মাধ্যমে বর্তমানে দৈনিক গড়ে ৪০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে। স্থায়ী সিএমএস নির্মাণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

(ঞ) শ্রীহট্ট ইকোনমিক জোন :

মৌলভীবাজার জেলাধীন শেরপুর এলাকায় শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল স্থাপনের বিষয়ে সরকারের পরিকল্পনা রয়েছে। উক্ত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিতব্য শিল্প-কারখানাসমূহে আনুমানিক ১৬ এমএমসিএফডি হারে গ্যাস সরবরাহের প্রয়োজন হবে। শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহের জন্য পাইপলাইন ও সিএমএস/আরএমএস নির্মাণের লক্ষ্যে প্রস্তুতকৃত ডিপিপি অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে।

(ট) বেসরকারি শিল্প প্রতিষ্ঠান :

দেশের অন্যান্য এলাকায় গ্যাস সংযোগ কার্যক্রম ২০০৯-২০১২ পর্যন্ত স্থগিত থাকলেও জালালাবাদ গ্যাসের নিয়ন্ত্রনাধীন এলাকায় গ্যাস সংযোগ অব্যাহত থাকার ফলে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান (স্কার টেক্সটাইলস, স্কার ফ্যাশনস, বাদশা টেক্সটাইলস, দেশবন্ধু গ্রুপ, প্রাণ, আরএকে, এসএম স্পিনিং, পাইওনিয়ার স্পিনিং মিলস ইত্যাদি)-এর আবেদনের প্রেক্ষিতে তাদেরকে গ্যাস সংযোগের প্রাথমিক সম্মতি প্রদান করা হয়েছে। বর্ণিত শিল্প প্রতিষ্ঠানসমূহে গ্যাস সরবরাহের জন্য শাহজীবাজার এলাকায় ১৫০ পিএসআইজি চাপের ৮/১০ ইঞ্চি ব্যাসের ১২ কিলোমিটার পাইপলাইন স্থাপিত রয়েছে। এ সকল শিল্প প্রতিষ্ঠানে বর্তমানে গড়ে ১৫ এমএমসিএফডি হারে গ্যাস ব্যবহৃত হচ্ছে। আগামী ২/১ বছরের মধ্যে গ্যাস সংযোগের সম্মতি প্রাপ্ত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানসমূহে দৈনিক গড়ে প্রায় ৪০-৫০ মিলিয়ন ঘনফুট ঘন্টা হারে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করা যায়।



কোম্পানীর পরিচালনা পর্ষদে নবনিযুক্ত সদস্য জনাব আকরামুজ্জামান, উপ-সচিব (অপারেশন-২), জ্বালান-কে ৩৭৩তম বোর্ড সভায় যোগত জানানো হয়।

শাহজিবাজার হতে শ্রীমঙ্গলগামী পাইপলাইনের পার্শ্ববর্তী এলাকায় বেশ কয়েকটি শিল্প প্রতিষ্ঠান (মেসার্স ওমেরা সিলিভার্স, মেসার্স অলিলা গ্যাস ইন্ডাস্ট্রিজ, মেসার্স এভারওয়াই ডাইং ইত্যাদি) বরাবর গ্যাস সংযোগের প্রাথমিক সম্মতিপত্র ইস্যু করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহের গ্যাস চাহিদা প্রায় ৯ এমএমসিএফডি। তন্মধ্যে কিছু কিছু প্রতিষ্ঠানে ইতোমধ্যে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। হবিগঞ্জ এলাকায় বর্ধিত হারে গ্যাস সরবরাহের জন্য শাহজীবাজার হতে নসরতপুর পর্যন্ত ৮ x ১০০০ পিএসআইজি ১২ কিলোমিটার পাইপলাইন স্থাপন কাজের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(ঠ) আবাসিক গ্রাহক প্রাপ্তে প্রি-পেইড মিটার স্থাপন :

জালালাবাদ গ্যাসের নিয়ন্ত্রণে বর্তমানে প্রায় ২ লক্ষ গৃহস্থালী গ্যাস সংযোগ রয়েছে। সরকারী নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে আবাসিক গ্যাস সংযোগকে প্রি-পেইড মিটার এর আওতায় আনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ডিপিপি প্রণয়ন করতঃ অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে।

(ড) ইভিসিযুক্ত মিটার স্থাপন :

কোম্পানীর আওতাধীন শিল্প, বাণিজ্যিক, চা বাগান, সিএনজি ইত্যাদি শ্রেণীর গ্রাহকদেরকে ইভিসিযুক্ত মিটার স্থাপন সংক্রান্ত সরকারী নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কোম্পানীর আওতাধীন সিএনজি শ্রেণীর সকল গ্রাহক প্রাপ্তে ইতোমধ্যে ইভিসিযুক্ত মিটার স্থাপন করা হয়েছে। এ পর্যন্ত ৫৪টি ইভিসিযুক্ত মিটার বিভিন্ন প্রতিষ্ঠানে স্থাপন করা হয়েছে। অন্যান্য গ্রাহক প্রাপ্তে স্থাপনের জন্য ইতোপূর্বে ক্রয়কৃত ১৪৮টি টারবাইন মিটারকে ইভিসিযুক্ত মিটারে রূপান্তর এবং ৬৯টি ইভিসিযুক্ত মিটার ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উল্লেখিত পরিকল্পনা এবং প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে সিলেট এলাকায় গ্যাস অবকাঠামো, গ্যাসের চাহিদা ও সরবরাহের মধ্যে ভারসাম্য বজায় থাকবে, দেশের বিদ্যুৎ ব্যবস্থার আশ্রিত উন্নতি হবে, সিলেট বিভাগের শিল্পায়নে বিশেষ ভূমিকা রাখা সম্ভব হবে এবং সর্বোপরি কোম্পানীর রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

